
# বেগম খালেদা জিয়ার ইন্তেকালে প্রধান উপদেষ্টার শোক প্রকাশ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। তিনি গণতন্ত্রে তার অবদান স্মরণ করেন।

এক শোকবার্তায় প্রধান উপদেষ্টা বলেন, বেগম খালেদা জিয়ার ইন্তেকালে জাতি একজন দৃঢ় ও অভিজ্ঞ রাষ্ট্রনায়ককে হারাল। তিনি শুধু একটি দলের নেত্রী ছিলেন না; বরং বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়।

তিনি বলেন, গণতন্ত্র, বহুদলীয় রাজনীতি ও জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে বেগম খালেদা জিয়ার ভূমিকা স্মরণীয় হয়ে থাকবে। স্বৈরশাসনের বিরুদ্ধে তার আপসহীন নেতৃত্ব জাতিকে বারবার অনুপ্রাণিত করেছে।

শোকবার্তায় আরও উল্লেখ করা হয়, বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে শিক্ষা ও অর্থনীতিতে তার নেওয়া কিছু উদ্যোগ দেশকে এগিয়ে নিতে সহায়ক হয়, বিশেষ করে নারী শিক্ষায় উপবৃত্তি কার্যক্রম একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ ছিল।

শেষে প্রধান উপদেষ্টা মরহুমার পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে দেশবাসীকে ধৈর্য ধারণ ও তার আত্মার মাগফিরাত কামনায় দোয়া করার আহ্বান জানান।

LENS ASIA